

## মৃত শিক্ষকের নামে বেতনভাতা উত্তোলনের অভিযোগ

### ■ মীরজাঙ্গল (পটুয়াখালী) সংবাদদাতা

মীরজাঙ্গল উপজেলা সদরে সুবিদ্যালয়ী মহিলা ডিগ্রি কলেজের অধ্যক্ষ তার কলেজের এক মৃত প্রভাষকের নামে গত ৬ বছর ধরে বেতনভাতা উত্তোলন করে বিপুল অংকের টাকা তুলে নিয়েছেন বলে অভিযোগ উঠেছে। জানা যায়, ঐ কলেজের বাংলা বিভাগের প্রভাষক ৩০০৯০১৩ ইনডেক্স নম্বরধারী আব্দুস সালাম মোল্লা ২০০৫ সালে মারা যান। নিয়মানুযায়ী মৃত প্রভাষকের নাম এমপিওশিট থেকে কর্তন করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা প্রয়োজন। কিন্তু কলেজ অধ্যক্ষ মো. আব্দুর রহমান সম্পূর্ণ গোপন রেখে ঐ কলেজের বাংলা বিভাগের নন-এমপিওভুক্ত প্রভাষক বিনাপানী অধিকারীর নামে মীরজাঙ্গলের সুবিদ্যালয়ী সোনালী ব্যাংক শাখায় সি-৯৩ হিসেব খুলে তাতে মৃত আব্দুস সালাম মোল্লার নামের বেতনভাতার সরকারি অংশের টাকা চলতি ২০১২ সালের মে মাস পর্যন্ত ৯ লাখ ৪৩ হাজার ৬৩৫ টাকা উত্তোলন করেন। অর্থ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর থেকে জারিকৃত এমপিওশিটে মৃত আব্দুস সালাম মোল্লার নাম এখনও বহাল রয়েছে। এ ব্যাপারে কলেজ অধ্যক্ষ মো. আব্দুর রহমানের সাথে আলাপ করা হলে তিনি বলেন, মৃত প্রভাষক আব্দুস সালাম মোল্লার বিপরীতে অত্র কলেজের নন-এমপিওভুক্ত বাংলা বিভাগের শিক্ষক বিনাপানী অধিকারীর ব্যবহৃত কাগজপত্র মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা

অধিদপ্তরে ইতিপূর্বে প্রেরণ করা হয়েছে। সেক্ষেত্রে এমপিওশিটে মৃত প্রভাষকের নাম ও ইনডেক্স নম্বর ব্যতীত অন্য তারিখ ও অ্যাকাউন্ট নম্বর পরিবর্তিত হয়ে আসায় বিনাপানী অধিকারীর নামেই এ যাবৎ বেতনভাতা উত্তোলন করা হচ্ছে।

সুবিদ্যালয়ী সোনালী ব্যাংক ব্যবস্থাপক মো. নাসির উদ্দিন আহমেদ জানান, কলেজের শিক্ষক-কর্মচারীদের বেতনভাতা বিল কলেজ অধ্যক্ষ এবং পরিচালনা পরিষদের সভাপতি প্রস্তুত করে ব্যাংকে জমা-দেন। শিক্ষক-কর্মচারীদের এমপিও-এর অনুকূলে বহ্যকৃত টাকার অতিরিক্ত কলেজ কর্তৃপক্ষ গ্রহণ করেন কিনা এটা যাচাই করেই ব্যাংক থেকে বেতনভাতার বিল প্রদান করা হয়।

সুবিদ্যালয়ী মহিলা ডিগ্রি কলেজ পরিচালনা পরিষদের সভাপতি উপজেলা পরিষদ চেয়ারম্যান গাজী আতাহার উদ্দিন আহমেদ জানান, অধ্যক্ষ শিক্ষক-কর্মচারীদের বেতনভাতার বিল তৈরি করে আমার কাছে উত্থাপন করেন। আমি তাতে হাকুর করে দেই। তবে এ বিষয়ে সাধারণত অতটা খতিয়ে দেখা হয়না। কোন অনিয়ম হয়ে থাকলে অবশ্যই তা খতিয়ে দেখা হবে।

মীরজাঙ্গল উপজেলা নির্বাহী অফিসার মো. মিজানুর রহমানের সাথে আলাপ করা হলে তিনি বলেন, এম্বাকাবানীর পক্ষ থেকে এতদমতো সিমিত অভিযোগ পাওয়া গেছে। তদন্ত পূর্বক বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।